ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় উপজেলা নারী নির্বাহী কর্মকর্তার চ্যালেঞ্জ ও করণীয়


**নাহিদ শারমীন**


**৪ নভেম্বর ২০২১**

# প্রেক্ষাপট



- ১৯৮২ সালে প্রশাসনিক পুনর্গঠন সংস্কার কমিটির সুপারিশ অনুযায়ী উপজেলা পরিষদ নামে প্রতিনিধিত্বশীল স্থানীয় সরকার ব্যবস্থা ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পদটির প্রর্বতন
- ইউএনও বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
- ১৯৮২ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে প্রথম একজন নারী যোগদান করেন
- ২০১৮ সালের তথ্য অনুযায়ী - বাংলাদেশ সিভিল সার্ভিসে প্রথম শ্রেণিতে কর্মরত
  - কর্মকর্তাদের মধ্যে ২১.৭% নারী
  - প্রশাসন ক্যাডারের কর্মরত নারী কর্মকর্তাদের মধ্যে ১৭.২% নারী মাঠ পর্যায়ে
- ১৯৮৯ সালের ফেব্রুয়ারিতে প্রথম একজন নারীকে ইউএনও হিসেবে মাঠ পর্যায়ে পদায়ন
- জুন ২০২১ এর তথ্য অনুযায়ী কর্মরত ইউএনওদের মধ্যে ৩১.১% নারী

# প্রেক্ষাপট...



## ইউএনও'র প্রধান দায়িত্বসমূহ

উপজেলা পরিষদ আইন (সংশোধনী), ২০১১ অনুযায়ী-

- উপজেলার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্ম সম্পাদন
- উপজেলা পরিষদে সকল ধরনের সাচিবিক সহায়তা প্রদান
- উপজেলা চেয়ারম্যানকে কার্যনির্বাহী  ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ এবং সহায়তা প্রদান
- উন্নয়ন কর্মসূচি এবং প্রশাসনিক কার্যক্রমের তদারকিতে চেয়ারম্যানকে সহায়তা প্রদান
- সংরক্ষিত ও হস্তান্তরিত বিষয়সহ উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের সাথে সমন্বয়
- উপজেলা প্রশাসনের সরকারী নির্দেশাবলীর অনুসরণ ও অন্যান্য কার্য সম্পাদন নিশ্চিত করা
- উপজেলা পর্যায়ে কেন্দ্রীয় সরকারের প্রধান এজেন্ট হিসাবে কাজ করা এবং
- পরিষদের গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করা

# প্রেক্ষাপট...

## সিভিল প্রশাসনে নারীর ধারণা

- বিশ্বের অধিকাংশ উন্নয়নশীল দেশের জনপ্রশাসনে নারীর অংশগ্রহণ তুলনামূলকভাবে কম (UNDP, 2014)
- আমলাতন্ত্র রাজনীতি দ্বারা প্রভাবিত। বদলি, পদোন্নতি এবং পদাবনতি কার্যক্রম প্রধানত নিয়ন্ত্রিত হয় দেশের রাজনীতি দ্বারা। নারীরা সাধারণত রাজনীতিতে জড়াতে চান না তাই সিভিল প্রশাসনে যেতে নিরুৎসাহিত বোধ করে (Kabir, 2013)
- নারীদের চ্যালেঞ্জ গ্রহণ করতে অনীহা দেখা যায় ফলে তাদেরকে প্রত্যন্ত অঞ্চলে পাঠানো হয় না (Sultana and Ferdous, 2017)
- জনপ্রশাসনে নারীদের অর্ন্তভুক্ত করা হলেও তাদের প্রকৃত অংশগ্রহণ অর্থাৎ সিদ্ধান্ত গ্রহণে ক্ষমতা ও কর্তৃত্ব প্রয়োগের ক্ষেত্রে তারা এখনো পিছিয়ে রয়েছে (Kabir, 2013)

# প্রেক্ষাপট...



- নারী ও দুর্নীতির সম্পর্কের মধ্যে বিভিন্ন পর্যবেক্ষণ রয়েছে, যেমন-
- দুর্নীতিমূলক আচরণের প্রতি নারীরা কম সহনশীল (Swamy et al. 2000)
- যেসকল সরকারি প্রতিষ্ঠানে নারীর অংশগ্রহণ বেশি রয়েছে সেখানে দুর্নীতি কম হয় (Dollar et al., 1999)
- জনপ্রশাসনে নারীর সংখ্যা বৃদ্ধি দুর্নীতির মাত্রা কমাতে সাহায্য করে (Torgler and Valev 2006)
- রাষ্ট্রকাঠামোতে নারীর উপস্থিতি বেশি থাকার সাথে দুর্নীতির মাত্রা কম হওয়ার সম্পর্ক রয়েছে (বিশ্বব্যাংক ২০০১)
- সরকারি যেসব প্রতিষ্ঠানে নারীরা শক্তিশালী অবস্থানে আছে সেখানে দুর্নীতির মাত্রা তুলনামূলকভাবে কম। দুর্নীতি করার নেটওয়ার্কগুলো মূলত পুরুষদের দ্বারা পরিচালিত হয় (বিশ্বব্যাংক ২০০১)

# যৌক্তিকতা

- এসডিজি ৫ এবং ১৬-তে জেন্ডার সমতা এবং অর্ন্তভুক্তিমূলক জনপ্রশাসন সম্পর্কে গুরুত্ব প্রদান
- বাংলাদেশের নারী ইউএনও'র কার্যক্রমে চ্যালেঞ্জ সম্পর্কে সুনির্দিষ্ট গবেষণার স্বল্পতা; বাংলাদেশের প্রশাসনে সামাজিক ও রাজনৈতিক কারণে নারী ইউএনওরা কী ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে থাকেন সেক্ষেত্রে গবেষণার ঘাটতি রয়েছে
- বিভিন্ন গবেষণায় দেখা যায় স্থানীয় নারী জনপ্রতিনিধিরা উপজেলা পর্যায়ে কাজ করতে সমস্যার মুখোমুখি হন, নারী ইউএনও'রা একই ধরণের সমস্যার সম্মুখীন হন কিনা সেক্ষেত্রে গবেষণার ঘাটতি রয়েছে
- টিআইবি ২০১৮ সাল থেকে নারী ইউএনওদের জন্য 'এসডিজি, সুশাসন এবং নারী' শীর্ষক একটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে - এই প্রচেষ্টার ধারাবাহিকতা হিসেবে স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় নারী ইউএনওদের কার্যক্রম ও চ্যালেঞ্জ পর্যবেক্ষণের উদ্দেশ্যে এই গবেষণা

# গবেষণার উদ্দেশ্য

স্থানীয় পর্যায়ে প্রশাসনিক দায়িত্ব পালনের ক্ষেত্রে নারী ইউএনও কী ধরনের চ্যালেঞ্জ মোকাবেলা করেন তা বিশ্লেষণ করা

## গবেষণার আওতা

- উপজেলা পরিষদে সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ
- উপজেলা চেয়ারম্যানকে সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ
- উপজেলা পরিষদসহ সরকারি অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের সাথে সমন্বয় সাধন সংক্রান্ত চ্যালেঞ্জ
- উপজেলা প্রশাসনের সরকারি নির্দেশাবলী পালনে চ্যালেঞ্জ

# গবেষণা পদ্ধতি

- পরিমাণগত ও গুণগত পদ্ধতি ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হয়েছে

প্রত্যক্ষ তথ্য সংগ্রহ পদ্ধতি

অনলাইন জরিপ- জুন ২০২০ এর তথ্য অনুযায়ী ৪৮৫টি উপজেলায় কর্মরত নারী ইউএনও'র সংখ্যা ছিল ১৪৯ জন। কর্মরত সকল নারী ইউএনও-কে প্রশ্নপত্র পাঠানো হলেও জরিপে অংশগ্রহণ করেছেন ৪৫ জন

মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার

নারী ইউএনও, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা পর্যায়ে অন্যান্য সরকারি বিভাগের কর্মকর্তা, প্রশাসন ক্যাডারের উর্ধ্বতন কমকর্তা


পরোক্ষ উৎস হিসেবে গবেষণা-সংশ্লিষ্ট আইন ও বিধি, গবেষণা প্রতিবেদন, বই ও প্রবন্ধ, সংবাদপত্র, ওয়েবসাইট থেকে পরোক্ষ তথ্য সংগ্রহ ও পর্যালোচনা

তথ্য সংগ্রহের সময়- ২০২০ এর জুন থেকে ২০২১ সালের মার্চ পর্যন্ত সময়ে গবেষণার তথ্য সংগ্রহ

# গবেষণার ফলাফল

# কার্যক্রম পরিচালনা

## কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া নারী ইউএনও'র হার (%)





"শারীরিকভাবে লাঞ্ছিত করার মত ঘটনা ঘটেনি তবে পেছনে অনেকেই বিভিন্ন ধরনের মন্তব্য করে বলে শুনেছি। এটি আমাদের পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থারই ফল। পুরুষতান্ত্রিক সমাজে নারীদের কাজ করতে চ্যালেঞ্জতো ফেইস করতেই হবে।"

*- একজন ইউএনও'র মন্তব্য*

# সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ

## উপজেলা পরিষদের সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জের ধরন





"তাদের (জনপ্রতিনিধি) পছন্দমতো প্রকল্প না দিলে কাজ হবে না। তাদের পছন্দমতো ঠিকাদার না দিলে কাজ করা যাবেনা।"

*- একজন নারী ইউএনও*

# উপজেলা চেয়ারম্যানকে সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ

- কার্য নির্বাহী ক্ষমতা প্রয়োগ
- উন্নয়ন কর্মসূচি
- প্রশাসনিক কার্যক্রমের তদারকি

উপজেলা চেয়ারম্যানকে সহায়তা প্রদানে চ্যালেঞ্জের ধরন





"চেয়ারম্যান ও মন্ত্রীমহোদয়সহ একবার উন্নয়ন কাজ পরিদর্শনে যাওয়ার সময় আমাকে পিছন থেকে ইচ্ছা করে ধাক্কা দেওয়া হয়েছিলো, তখন বলেছিলাম নিরাপত্তা না দিতে পারলে আমি এ ধরনের কাজে আর আসব না।"

*- একজন নারী ইউএনও*

# সমন্বয় সাধন সংক্রান্ত চ্যালেঞ্জ

## সমন্বয় সাধন সংক্রান্ত চ্যালেঞ্জের ধরন





"মাদকসেবনকারীদের ধরার জন্য পুলিশ ফোর্স চেয়েছিলাম কিন্তু দেওয়া হয়নি। বলা হলো এখন যারা আছে সবাই ব্যস্ত। এরকম হলে কীভাবে সমন্বয় হবে।"

*- একজন নারী ইউএনও*

# সরকারি নির্দেশনা পালন সংক্রান্ত চ্যালেঞ্জ- দুর্যোগ মোকাবেলা

- ৯৮% নারী ইউএনও দুর্যোগ মোকাবেলায় চ্যালেঞ্জের সম্মুখীন হন

## দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত চ্যালেঞ্জের ধরন



# সরকারি নির্দেশনা পালন সংক্রান্ত চ্যালেঞ্জ- করোনা মোকাবেলা

- ৯১% নারী ইউএনও করোনা পরিস্থিতি মোকাবেলায় চ্যালেঞ্জের সম্মুখীন হন


| করোনা পরিস্থিতি মোকাবেলায় চ্যালেঞ্জের ধরন | নারী ইউএনও (শতাংশ) |
|---|---|
| প্রয়োজনীয় বাজেট না থাকা | ৭৪.৩০ |
| লকডাউন সফল করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা না পাওয়া | ২৮.৬০ |
| সামাজিক সুরক্ষা সামগ্রী বিতরণে দুর্নীতি | ২২.৯০ |
| সংশ্লিষ্ট দপ্তরসমূহের সহায়তা না পাওয়া | ২০ |
| কোনো চ্যালেঞ্জের সম্মুখীন হন নি | ৮.৬০ |
| মেডিকেলের সুরক্ষা সরঞ্জাম ক্রয়ে দুর্নীতি | ৫.৭০ |

# সরকারি নির্দেশনা পালন সংক্রান্ত চ্যালেঞ্জ- দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ



- ৪৩.৫০% নারী ইউএনও দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ নিতে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছিলেন

**দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার ধরন**





"সরকারি জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে একজন দরদাতার কাগজপত্র সরকারি বিধি অনুযায়ী যথাযথ না থাকায় তাকে ইজারা দেওয়া হয়নি। তখন আমার বিরুদ্ধে বিভিন্ন জায়গায় মিথ্যা অভিযোগ করে চাপ সৃষ্টির চেষ্টা করে।"

*- নারী ইউএনও*

- ৮৯.১০% নারী ইউএনও দুর্নীতি প্রতিরোধের জন্য পদক্ষেপ গ্রহণ করেছেন

| দুর্নীতি প্রতিরোধের পদক্ষেপের ধরন | নারী ইউএনও (শতাংশ) |
|---|---|
| দুর্নীতির শিকার হলে অভিযোগ করার ক্ষেত্রে উৎসাহ | ৫৭.৮ |
| উপজেলা প্রশাসন দুর্নীতিমুক্ত এ মর্মে অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা | ৩৫.৬ |
| দুর্নীতিগ্রস্ত ব্যক্তিকে শাস্তি প্রদান | ২৮.৯ |
| দুর্নীতিবিরোধী অভিযান পরিচালনা | ২৮.৯ |
| নৈতিকতা কমিটি গঠন | ২২.২ |
| দুর্নীতিগ্রস্ত ব্যক্তির বিরুদ্ধে দুদক বা মন্ত্রণালয়ে অভিযোগ | ৪.৫ |

# দায়িত্ব পালনে চ্যালেঞ্জের সম্মুখীন করা ব্যক্তিবর্গ




# নারী ইউএনও’র দায়িত্ব পালন-সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিজ্ঞতা

- স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে কাজ সম্পাদন
- লাল ফিতার দৌরাত্ম্য হ্রাস
- কাজ সম্পাদনে সহযোগী মনোভাব
- কঠোর সিদ্ধান্ত গ্রহণে অনীহা
- জরুরি পরিস্থিতি মোকাবেলায় দক্ষতার অভাব

“কোথাও আগুন লাগলে একজন পুরুষ যত তাড়াতাড়ি আসতে পারে তত তাড়াতাড়ি নারী ইউএনও আসতে পারেন না.... কোনো ধরনের পাবলিক বিস্ফোরণ হলে পুরুষের মতো নারীরা সেভাবে মোকাবিলা করতে পারেনা।”

*- প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা*

# দায়িত্ব পালনের ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবিলার উপায়



# সার্বিক পর্যবেক্ষণ

- জেন্ডার চাহিদাকে বিবেচনায় রেখে কোনো ধরনের পদক্ষেপ গ্রহণ না করা- বিশেষ পরিস্থিতিতে নারী ইউএনও'র নিরাপত্তা নিশ্চিতে বিশেষ কোনো ব্যবস্থা না রাখা
- যথাসময়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী থেকে সহযোগিতা না পাওয়া- জরুরি প্রয়োজনে পুলিশ ফোর্সের প্রয়োজন হলে তারা তা পাননা
- জনপ্রতিনিধি, গণমাধ্যম কর্মী, স্থানীয় প্রভাবশালী থেকে সহযোগিতা না পাওয়া
- জরিপে ১৪৯ জনের মধ্যে ৪৫ জন অংশগ্রহণ করেছে। এ তথ্য থেকে ধারণা পাওয়া যায় যে, নারীরা হয়তো তাদের চ্যালেঞ্জের বিষয়টি বলতে অনাগ্রহী
- নারী ইউএনওকে ইউএনও হিসেবে মুল্যায়িত না করে একজন নারী হিসেবে দেখার কারনে উন্নয়ন কার্যক্রম পরিদর্শনসহ যেকোন অনুষ্ঠানে জনসমাগম বেশি হলে কোনো কোনো ক্ষেত্রে যৌন হয়রানির সম্মুখীন হওয়ার দৃষ্টান্ত দেখা যায়
- নেতিবাচক সামাজিক মুল্যবোধ অর্থাৎ 'কোনো কোনো কার্যক্রমে নারীরা এখনো পুরুষদের থেকে পিছিয়ে রয়েছে'- এ ধারণা সহকর্মীদের মধ্যে বিদ্যমান

# সুপারিশ



১. নারী ইউএনওদের প্রতি নেতিবাচক মনোভাব দূর করার জন্য উপজেলা পরিষদের জনপ্রতিনিধি ও উপজেলা পরিষদের অন্যান্য সরকারি কর্মকর্তাদের নিয়ে নারীর প্রতি সংবেদনশীল আচরণের উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এছাড়া সরকারি কর্মকর্তাদের এসিআর এ জেন্ডার সংবেদনশীলতাকে একটি সূচক হিসেবে রাখা যেতে পারে।

২. উপজেলা পরিষদের চেয়ারম্যান সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে ইউএনও এবং চেয়ারম্যানগণকে নিয়ে ওরিয়েন্টেশনের আয়োজন করতে হবে, যার মূল লক্ষ্য হবে- একে অন্যের প্রতিপক্ষ নয় বরং সহযোগী এটা অনুধাবন করা

৩. দুর্নীতি প্রতিরোধে নারী ইউএনও'র পদক্ষেপের জন্য জেলা পর্যায়ে তাকে সম্মানিত করা এবং পুরস্কারের ব্যাবস্থা রাখতে হবে

৪. উন্নয়নমূলক কাজ সম্পাদন ও দুর্নীতি প্রতিরোধ করার ক্ষেত্রে কোন নারী ইউএনও সুবিধাভোগী গোষ্ঠীর আক্রমণ ও ষড়যন্ত্রের শিকার হলে তাকে আইনগত সহায়তা দেওয়া ও নিরাপত্তা প্রদান করতে হবে

# সুপারিশ



৫. সংবাদমাধ্যমগুলো স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার জন্য যথাসাধ্য সঠিক সংবাদ প্রচারের মাধ্যমে ইউএনও'র কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে সহযোগিতা প্রদান করবে

৬. মন্ত্রণালয়ের নীতিগত সিদ্ধান্তের মাধ্যমে জাতীয় ও স্থানীয় পর্যায়ের রাজনীতিবিদদের স্থানীয় উন্নয়নমূলক কাজে চাপ প্রয়োগ বন্ধ করার জন্য পরিপত্র জারি করতে হবে

৭. দুর্যোগ ব্যাবস্থাপনায় নারী ইউএনওর সক্ষমতা বৃদ্ধির জন্য দুর্যোগ ব্যবস্থাপনার উপর নারী ইউএনওদের জন্য প্রশিক্ষণের ব্যাবস্থা করতে হবে

৮. নারী ইউএনওকে নিরাপত্তা ও সহযোগিতা প্রদান করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে তৎপর হতে হবে

# ধন্যবাদ